দৈনিক
ইত্তেফাক

তারিখ 01 MAR 2015
পৃষ্ঠা ... কলাম ...

# বঙ্গবন্ধু মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন আজ

■ বিশেষ প্রতিনিধি

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তন আজ। বিকালে পৌনে ৩টায় বিশ্ববিদ্যালয়ের কেবিন ব্লক সংলগ্ন মাঠে সমাবর্তন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এতে স্বাগত বক্তব্য রাখবেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক প্রাণ গোপাল দত্ত। এরপর সম্মানসূচক পিএইচডি ডিগ্রি প্রদান, চ্যান্সেলর কর্তৃক পদক ও সনদ প্রদান, ভারতের কিং জর্জস মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ডা. রাভি কান্টর সমাবর্তন বক্তা হিসেবে বক্তব্য প্রদান। পরে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ এমপি এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম এমপি শুভেচ্ছা বক্তব্য রাখবেন। ধন্যবাদ জ্ঞাপন করবেন অধ্যাপক মো. রুহুল আমিন মিয়া। এরপর রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ চ্যান্সেলরের বক্তব্য রাখবেন। সমাবর্তনের সার্বিক প্রস্তুতি তুলে ধরে গতকাল সাংবাদিক সম্মেলনে জানানো হয়.

১৯৯৮ সালে এ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হওয়ার পর বেসিক চিকিৎসা বিজ্ঞান, মেডিসিন, সার্জারি ও ডেন্টাল অনুষদসমূহের অন্তর্ভুক্ত বিভিন্ন বিভাগ হতে এ পর্যন্ত মোট ৪ হাজার ৬৯০ জন চিকিৎসক স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেছেন। যার মধ্যে এমডি ৭৭৪, এমএস ৬৮৭, এমফিল ৭০৬, ডিপ্লোমা ১৭৭৮ এবং এমপিএইচ রয়েছেন ৭৪৫ জন। শিক্ষার্থীদেরকে উৎসাহিত করার জন্য ২০১০ সেশন থেকে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থীর জন্য চ্যান্সেলর এওয়ার্ড প্রবর্তন করা হয়েছে। চিকিৎসা শিক্ষা ও সেবায় বিশেষ অবদানের জন্য ৭ জন বিশিষ্ট শিক্ষককে সম্মানসূচক পিএইচডি ডিগ্রি প্রদান করা হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্তরের শিক্ষক ও চিকিৎসকদেরকে বিদেশি বিভিন্ন প্রতিষ্ঠানে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। তারা সিঙ্গাপুর, ভারত ও পাকিস্তান থেকে প্রশিক্ষণ গ্রহণ করছেন।

এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ডা. প্রাণ গোপাল দত্ত, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ডা. মো. রুহুল আমিন মিয়া, প্রো-ভাইস চ্যান্সেলর (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মো. শহীদুল্লাহ সিকদার, কোষাধ্যক্ষ অধ্যাপক মোহাম্মদ সহিদুল্লা, প্রিভেনটিভ এন্ড সোস্যাল মেডিসিন অনুষদের ডীন অধ্যাপক ডা. শারফুদ্দিন আহমেদ, ডেন্টাল অনুষদের ডীন অধ্যাপক ডা. আলী আজগর মোড়ল, রেজিস্ট্রার অধ্যাপক মো. সায়েদুর রহমান প্রমুখ।